দর্শনা ডিএস মাদরাসার ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনায় ডিএস মাদ্রাসার ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টায় দর্শনা কেরুজ বাজার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। দশম একাদশকে ৪-২ গোলে হারিয়ে ফাযিল একাদশ জয়লাভ করে। পুরো খেলায় ড্র হওয়াতে পরে ট্রাইবেকারে ৪-২ গোলে ফাযিল একাদশ জয়লাভ করে। খেলা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

উক্ত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ শফি উদ্দিন মোল্লার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন, দর্শনার ক্রীড়াঙ্গনের একজন প্রবীন খেলোয়াড় গিয়াস উদ্দিন পিনা।

এ সময় তিনি বলেন, খেলাধুলা শারীরিক ও মানুষিক বিকাশ ঘটায়। তাই আসুন “মাদককে না বলি খেলাধুলায় মনোনিবেশ করি”। আমাদের দর্শনা যেহেতু সীমান্তবর্তী ও মাদকপ্রবণ এলাকা। তাই আমাদের উচিত আমাদের সন্তানদেরকে শারীরিক ও মানসিক বিকাশ ঘটাতে লেখা-পড়ার পাশাপাশি খেলাধুলায় আগ্রহী করে তুলি।

উক্ত খেলায় মাদ্রাসার প্রভাষক আব্দুর রশিদের প্রাণবন্ত উপস্থাপনায় আরো উপস্থিত ছিলেন, অত্র প্রতিষ্ঠানের শিক্ষক-আরিফুজ্জামান আরিফ, জগলুল হায়দার আফ্রিক, আবুল হোসেন, সাদিকুর রহমান মাহবুবুর রহমান সহ মাদরাসার শিক্ষক-শিক্ষিকা বৃন্দ। টুর্নামেন্টের সর্বোচ্চ গোল দাতা ফাহিম হোসেন ও ম্যান অফ দ্যা ম্যাচ আঃ মালেক। খেলাটি পরিচালনা করেন, শাহিন ও ফাহিম।

টুর্নামেন্ট পরিচালনা করেন, টুর্নামেন্ট পরিচালনা কমিটির সভাপতি মাওলানা মনজুর আহমেদ, সাধারণ সম্পাদক লিনা পারভীন, সদস্য- আজিজুর রহমান জাহাঙ্গীর আলম, বায়েজিদ হোসেন কাফফি, নুরুল আমিন ও রিয়াদ হোসেন।

দর্শনায় বুদ্ধি প্রতিবন্ধী ইসলাম নিখোঁজ

৪ দিন ধরে নিখোঁজ দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের রেললাইন পাড়ার ইউসুফ আলী বুদ্ধি প্রতিবন্ধী ছেলে ইসলাম (৪৭) নিখোঁজ হয়।

নিখোঁজ ইসলামের মা বৃদ্ধা মরিয়ম আত্মীয়-স্বজন ও বিভিন্ন স্থানে খোঁজাখুঁজির পর না পেলে আজ সন্ধার দিকে দর্শনা থানায় হারানো জিডি করতে গেলে খানা পুলিশ জিডি টি গ্রহণ করে না। পরে বুদ্ধি প্রতিবন্ধী ইসলামের মা বৃদ্ধা মরিয়ম হতবাক হয়ে দর্শনা প্রেসক্লাবে সাংবাদিকদের নিকট এসে জিডি না নেওয়ার ঘটনা জানাই।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা জানান, বুদ্ধি প্রতিবন্ধী ইসলাম কুষ্টিয়ার খোকসা আত্মীয়র বাড়িতে যায়। এ সময় আত্মীয়রা ট্রেনে তুলে দিয়েছে সেখান থেকেই আর ফিরে আসিনি। ট্রেনে কোথাও চলে গেছে তাই হারানো জিডিটি খোকসা এলাকায় পুলিশের কাছে করতে হবে।

দামুড়হুদায় মাসিক খাস বন্দোবস্তে দেওয়া হলো জলমহল দলকার বিল

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার বহুল আলোচিত জলমহল দলকা লক্ষীপুর বিল এবার সরকারি ভাবে খাস বন্দোবস্ত পেল দলকা মরাগাংনী মৎসজীবি সমবায় সমিতি।

আজ বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে উপজেলা জলমহল ব্যবস্থাপনা কমিটি

মাসিক ১ লক্ষ ৩০ হাজার টাকা খাস আদায়ে এই বন্দোবস্ত দেন।

জানাগেছে, সম্প্রতি এই জলমহল দলকার বিল বন্দোবস্ত দেওয়ার জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সে মোতাবেক টেন্ডার আহবান করা হয়। এতে ৬টি সিডিউল বিক্রি হয়। গতকাল বৃহস্পতিবার বিকাল ৩টার দিকে যাচায় বাছায় শেষে জলমহল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ দরদাতা মৎসজীবী দলকা মরাগাংনী মৎসজীবি সমবায় সমিতিকে খাস বন্দোবস্ত দেওয়া হয়। প্রতিমাসে তাদেরকে ১লক্ষ ৩০ হাজার টাকা জমা দিতে হবে। বিষয়টি নিশ্চিত করেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও খাস বন্দোবস্ত আদায় কমিটির সদস্য সচিব কেএইচ তাসফিকুর রহমান।

উল্লেখ্য এর আগে সরকারি বিধি মেনে ১৪২৫ এর পয়লা বৈশাখ হতে ১৪৩০ বঙ্গাব্দের চৈত্রের শেষ দিন পর্যন্ত হেমায়েতপুর মৎস্যজীবী সমবায় সমিতিকে ছয় বছরের জন্য বন্দোবস্ত দেওয়া হয়েছিলো। ইজারা পাওয়ার পর দুইদিনের মাথায় সমিতির সভাপতি কামাল খান জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেনকে সাবলিজ দিয়ে দেন।

আলমডাঙ্গায় বৈষম্যবিরোধী আন্দোলনে হামলার মামলায় আওয়ামীলীগের তিন কর্মী গ্রেপ্তার

৪ আগস্ট আলমডাঙ্গায় ছাত্র-জনতার উপর হামলার মামলায় আওয়ামীলীগের তিন কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ। আজ বৃহস্পতিবার রাতে আলমডাঙ্গা থানাপুলিশ অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন- উপজেলার জেহালা ইউনিয়ন স্বেচ্ছাসেবকলীগের সভাপতি রহিদুল ইসলাম (৪৮), সাবেক ইউনিয়ন আওয়ামীলীগ নেতা ডা: জাহান আলী ও কালিদাসপুর ইউনিয়ন আওয়ামীলীগ নেতা কাজল আলী (৩২)। তারা সকলে ৪ আগস্টে হামলার ঘটনায় দায়েরকৃত মামলার অজ্ঞাত নামা

আসামী।

জানাগেছে, আলমডাঙ্গায় গত ৪ আগস্ট ছাত্র-জনতার উপর হামলা চালায় আওয়ামীলীগ ও তাঁর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। ওই ঘটনায় (১৬ আগস্ট) বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থী ওবাইদুল্লাহ বাদী হয়ে আলমডাঙ্গা থানায় আওয়ামীলীগের অঙ্গসংগঠনের ৪৭ জন নেতাকর্মীর নাম উল্লেখ করে অজ্ঞাত আরও ৬০/৭০ জনের বিরুদ্ধে মামলা দায়ের করেন। ওই মামলায় অজ্ঞাত নামা আসামী হিসেবে তাদের গ্রেপ্তার করেছে পুলিশ।

আলমডাঙ্গা থানার (ওসি) শেখ গণি মিয়া জানান, ৪ আগস্টে ছাত্র-জনতার উপর হামলার ঘটনায় দায়েরকৃত মামলাটি তদন্ত চলছে। তদন্তে ওই ঘটনার সাথে জড়িত থাকার সত্যতা পাওয়ায় তাদের আটক করা হয়। পরে ওই মামলায় তাদের জেল হাজতে পাঠানো হয়েছে।

আলমডাঙ্গায় কৃষি খেতে বজ্রপাতে কৃষকের মৃত্যু

আলমডাঙ্গায় কৃষি জমিতে কাজ করতে গিয়ে নিজ খেতে বজ্রপাতে ফারুক মুন্সি (৫৫) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ফারুক মুন্সি উপজেলার ভাঙবাড়িয়া ইউনিয়নের মোচাইনগর গ্রামের কাশেম মুন্সির ছেলে।

স্থানীয়রা জানান, আজ বৃহস্পতিবার সকালে নিজ জমিতে চাষের কাজ করছিলেন ফারুক মুন্সি। এসময় বৃষ্টির সাথে হঠাৎ বজ্রপাত শুরু হয়। বজ্রপাত তার শরীরের উপর আঘাত করলে চাষের জমিতে গুরুত্বর আহত হন। পরে মাঠের কৃষকেরা তাকে উদ্ধার করে স্থানীয় চিকিৎসকের নিকট নিলে তাকে মৃত ঘোষণা করেন।

আলমডাঙ্গার থানার (ওসি) শেখ গণি মিয়া জানান, বজ্রপাতে ফারুক মুন্সি নামে এক কৃষকের মৃত্যুর ঘটনা তাকে জানানো হয়নি।

দামুড়হুদায় কুমারীদহ গ্রামে পাখিভ্যান ও মোবাইল চুরি

দামুড়হুদা উপজেলার কুমারিদহ গ্রামে রাতের আধারে কে বা কাহারা একটি পাখি ভ্যান ও মোবাইল চুরি করে নিয়ে যায়। গতকাল বুধবার রাতে নিজ বাড়ি থেকে পাখি ভ্যান ও মোবাইল চুরি হয়েছে।

জানাযায়,দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের কুমারীদহ গ্রামের মৃত মাহমুদ হোসেনের ছেলে জসিম উদ্দিন প্রতিদিনের মত বিভিন্ন জায়গায় ভাড়া খেটে বাড়ির উঠানে পাখি ভ্যানটি চার্জে দিয়ে রাখে। সুযোগ বুঝে কে বা কাহারা পাখি ভ্যানটি রাতের আঁধারে চুরি করে নিয়ে যায়। একই গ্রামের ফজলুল হকের ছেলে ইউসুফের ঘর থেকে একটি টাচ মোবাইল চুরি করে নিয়ে যায়।

জসিম জানায় আমি অতি দরিদ্র মানুষ এক জায়গা থেকে পাখি ভ্যানটি ভাড়া নিয়ে চালাতাম। গতকাল রাতে ভ্যানটি চুরি হয়ে যায় এখন আমি নিরুপায় হয়ে আছি কিভাবে পাখি ভ্যানের মালিক কে এই ভ্যান ফেরত দিবো। এখন আমার মরণ ছাড়া পথ নেই।

চুয়াডাঙ্গায় জেলা ছাত্রলীগের সাবেক সভাপতিসহ ৭৭ জন নামে সদর থানায় মামলা

চুয়াডাঙ্গায় ৪ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নারী শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় মামলা হয়েছে। আজ বৃহস্পতিবার (৩ অক্টোবর) বিকেলে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থী হাসনা জাহান খুশবু বাদী হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় মামলাটি দায়ের

করেন।

এ মামলায় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মোহাইমেন হাসান জোয়ার্দ্দার অনিককে প্রধান আসামি করে ৭৭ জনের নাম উল্লেখ করা হয়েছে। এছাড়াও অজ্ঞাত আরও ১৪০-১৫০ জনকে আসামি করা হয়েছে।

মামলার এজাহারে অন্যতম আসামিদের মধ্যে রয়েছেন-চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মো. জানিফ, সাবেক সহ-সভাপতি শাহাবুল হক, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহবায়ক ও সাবেক পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু, সাবেক পৌর কাউন্সিলর মাফিজুর রহমান মাফি, ছাত্রলীগ নেতা সোয়েন রিগান, ইমদাদুল হক আকাশ ও চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভিন।

মামলার এজাহার সূত্রে জানা যায়, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাথে একাত্মতা ঘোষণা করে গত ৪ আগস্ট চুয়াডাঙ্গায় আন্দোলনে নামে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা।

এসময় ছাত্রলীগের নেতা-কর্মীরা দেশীয় ধারালো অস্ত্র রাম দা, হাতকুড়াল, হকিস্টিক ও জিআই পাইপ দিয়ে শিক্ষার্থীদের ওপর হামলা চালায়। ওই সময় তাদের আঘাতে তিন নারী শিক্ষার্থী মারাত্মকভাবে জখম হন। পরে তারা ককটেল বিষ্ফোরণ করে চলে যায়। এ ঘটনার প্রায় দুই মাস পর চুয়াডাঙ্গা সদর থানায় মামলা দায়ের করলেন ভুক্তভোগী শিক্ষার্থী হাসনা জাহান খুশবু।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ সেকেন্দার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, গত ৪ আগস্ট বৈষম্যবিরোধী আন্দোলনের সময় শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় একটি মামলা রেকর্ড হয়েছে। দ্রুতই আসামিদের গ্রেফতার করা হবে বলে তিনি জানান।

দর্শনায় প্রধান শিক্ষক নাসির

উদ্দীনের বিরুদ্ধে প্রায় সাড়ে তিন লক্ষ টাকা আত্নসাতের অভিযোগ

চুয়াডাঙ্গা জেলার দর্শনা মেমনগর বিডি মাধ্যামিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসির উদ্দীনের বিরুদ্ধে প্রায় সাড়ে তিন লক্ষ টাকা আত্নসাতের অভিযোগ উঠেছে। তার বিরুদ্ধে অভিযোগগুলি তদন্ত ও নিরিক্ষা করে শাস্তি মৃলক ব্যবস্থা গ্রহনের দাবি তুলেছে শিক্ষক ও শিক্ষার্থীরা।

উল্লেখিত অভিযোগের মধ্যে রয়েছে মেমনগর বিডি মাধ্যামিক বিদ্যালয়ের সভাপতি এমপি আলী আজগার টগরের সহোদর সাবেক দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবুর যোগসাজশে এসব দূর্নীতি করেছে বলে অনুলিপি দিয়েছে ৫ জায়গায়। এ সব দূর্নীতির মধ্যে রয়েছে নগদ প্রায় সাড়ে তিন লাখ টাকাসহ বিভিন্ন খাত থেকে লাখ লাখ টাকা আত্নসাতের অভিযোগ। অভিযোগে আরও বলা হয়েছে বিদ্যালয়ের কেনা কাটায় অধিক মৃল্য বাড়িয়ে বিল ভাউচার তৈরি করে এবং বিদ্যালয়ের ৪ তলা ভবন নির্মানকালে ৬৪টি সিসি ক্যামেরা ক্রয় শতবর্ষ উৎযাপন উপলক্ষে খরচসহ লক্ষ লক্ষ টাকা আত্নসাত করেছে বলে অভিযোগ করা হয়েছে। এছাড়াও প্রধান শিক্ষক নাসির উদ্দীন আহম্মেদ স্কুলের কম্পিউটার আত্মসাৎ করেছে। প্রধান শিক্ষক নাসির উদ্দিন আহম্মেদ তৎকালীন চুয়াডাঙ্গা ২ আসনের আওয়ামীলীগের সংসদ সদস্য হাজী আলী আজগার টগরের সহপাটি পরিচয়ে প্রধান শিক্ষক হিসাবে নিয়েগ পায় এবং ঐদ্ধত্যপৃর্ন আচারন করে শিক্ষকদের লাঞ্ছিত করে।

এ সব অর্থ আত্নসাতের ঘটনায় গতকাল বুধবার সকাল ১১ টার দিকে ছাত্র ছাত্রীরা মানববন্ধন করেছে। এ মানববন্ধনে শিক্ষার্থীরা প্রধান শিক্ষক নাসির উদ্দীনের পদত্যাগ দৃর্নীতিবাজ শিক্ষককে অপসারণের দাবিতে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করে শিক্ষার্থীরা। বিষয়টি তদন্ত পৃর্বক দীর্ঘদিনের দৃর্নিতির তদন্ত করে প্রধান শিক্ষক নাসির উদ্দীনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের জন্য জোর দাবি তোলা হয়েছে।

এ বিষয়ে প্রধান শিক্ষক নাসির উদ্দীনের সাথে যোগাযোগ করা হলে মোবাইল ফোনটি দুইদিন ধরে বন্ধ পাওয়া যায়।

দর্শনায় ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সোলায়মান গ্রেফতার

দর্শনা থানা পুলিশ ঝটিকা অভিযান চালিয়ে এজাহার ভুক্ত আসামী ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সোলায়মানকে গ্রেফতার করেছে পুলিশ।

আজ বৃহস্পতিবার ভোরে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে, অভিযান চলায় দর্শনা পৌরসভার রামনগর গ্রামে।

এ সময় পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে দর্শনা পৌরসভার রামনগর গ্রামের ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি এজাহার ভুক্ত আসামি আফছার আলীর ছেলে সোলায়মানকে (৫২) গ্রেফতার করে।

উল্লেখ্য গত ২৬ আগষ্ট দর্শনা পরানপুর গ্রামের জহির উদ্দিনের ছেলে রবিউল ইসলাম রবি বাদি হয়ে দামুড়হুদা উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আলী মুনছুর বাবুসহ আওয়ামীলীগের ৬৯ জনের বিরুদ্ধে মামলা দায়ের করে। এ মামলায় এজাহার ভুক্ত আসামী সোলায়মানকে গ্রেফতার করে।

আজ বৃহস্পতিবার তাকে এ মামলায় চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনায় কেরুজ শ্রমিকদের মানববন্ধন

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) রাষ্ট্রয়ত্ত চিনিকল সমৃহকে যুগোপযোগী করতে চিনি শিল্পের কৃষি বিভাগকে রাজস্ব খাতে অন্তর্ভুক্ত করার দাবিতে দর্শনা কেরুজ

শ্রমিকরা মানববন্ধন করেছে।

আজ বৃহস্পতিবার (৩ অক্টোবর) সকাল ১১ টার দিকে দর্শনা কেরুজ জেনারেল অফিসের সামনে এ মানববন্ধন অনুষ্টিত হয়। এ মানববন্ধনে অংশগ্রহণ করে কেরু এ্যান্ড কোম্পানীর জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া, ডি জি এম সম্প্রসারণ মাহবুবুর রহমান, কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী, সাবেক সাধারন সম্পাদক মনিরুল ইসলাম পিন্স সিডিএদের সমন্বয়ক সাহেব আলী শিকদার, সিডি এ এ এস এম কবির, সাইফ উদ্দীন, মাঈন উদ্দীন আহম্মেদ, সাকী মাহমুদ, আঃ কাদের, মইনুর রহমান শাওন, শরিফুল ইসলাম, সোহেল রানা, আরিফুর রহমান, জুলফিকার আলী, সাইফুল্লাহ, মুকুল হোসেন, আসাদুজ্জামান, দেলোয়ার হোসেন, মাহবুবুর রহমান, ফরহাদ খান, জাহাঙ্গীর হোসেন।

এ মানববন্ধনে বক্তারা বলেন, চিনিশিল্পকে লাভবান খাতে নিয়ে যেতে হলে কৃষি বিভাগকে রাজস্ব খাতে নিয়ে যেতে হবে। এ দাবি আমাদের যৌতিক দাবি। এ দাবি না মানলে আমরা বৃহত্তর আন্দোলন গড়ে তুলবো।বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের অধীনস্থ চিনিকল সমূহের কৃষি বিভাগকে রাজস্ব খাতে অন্তর্ভুক্ত করতে হবে। কৃষি বিভাগকে শিল্প মন্ত্রণালয় হতে স্থানান্তর করে কৃষি মন্ত্রণালয়ে আওতাভুক্ত করতে হবে। কৃষি বিভাগকে কর্মরত কৃষিবিদ ডিপ্লোমাসহ সকল ইক্ষু উন্নয়ন সহকারী সিডিএ সি আইসিদের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অন্তর্ভুক্ত করে ইক্ষু সম্প্রসারণ উইং গঠন করতে হবে।এ মানববন্ধন অনুষ্ঠানটি সঞ্চালনা ও সমাপ্তি করেন সমন্বয়ক ও সিডিএ হারিজুল মেম্বার।